# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | খুলনা | 11 May, 2025

ঝালকাঠির রাজাপুর উপজেলার উত্তমপুর এলাকায় গ্রাহকের প্রায় ১২ কোটি টাকা আত্মসাৎ করে আত্মগোপনে চলে গেছেন একটি বেসরকারি এনজিও 'গ্রাম বাংলা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি'র তিন মালিক। এ ঘটনায় ক্ষুব্ধ গ্রাহকরা শনিবার (১০ মে) বিকেলে এনজিওর কার্যালয়ের সামনে মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচি পালন করেন।

প্রায় ১২ বছর আগে প্রতিষ্ঠিত এ সমবায় সমিতিতে ৬ শতাধিক গ্রাহক নিয়মিতভাবে এফডিআর হিসেবে টাকা জমা করে আসছিলেন। অভিযোগ রয়েছে, প্রতিষ্ঠানটির তিন পরিচালক–সাইফুল ইসলাম স্বপন, ফরিদ হোসেন ও সজল–সম্প্রতি কোনো পূর্ব ঘোষণা ছাড়াই আত্মগোপনে চলে যান। এতে গ্রাহকরা তাদের আমানতের নিরাপত্তা নিয়ে উদ্বিগ্ন হয়ে পড়েন।

মানববন্ধনে অংশ নিয়ে ভুক্তভোগী ফারজানা উসনাত জাহান উষা, মো. দুলাল, গোলাম মাওলা, মো. নান্না হাওলাদার, মো. রুবেল হোসেন, মো. আইউব আলী ও কুরছিয়া প্রমুখ জানান, বহু কষ্টে জমানো অর্থ ওই এনজিওতে রেখেছিলেন তারা।এখন কর্তৃপক্ষের নিরুদ্দেশ হয়ে যাওয়া তাদের চরম অনিশ্চয়তায় ফেলেছে।

এবিষয়ে গ্রাম বাংলা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতির ফিল্ড অফিসার মোসাঃ শাহনাজ বলেন, গ্রাহকের কাছে গিয়ে মাসে ১ লাখ টাকায় ২ হাজার টাকা মুনাফা দেওয়ার কথা বলে টাকা এই সমিতিতে দেড় কোটি টাকা কালেকশন করে দিয়েছি।

এ বিষয়ে গ্রাম বাংলা সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতির সভাপতি ও বড়ইয়া ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের সাবেক ইউপি সদস্য ওবায়দুল হক ননী জানান, গ্রাহকদের আসল টাকা ফেরত দিতে তারা প্রস্তুতি নিচ্ছেন।এজন্য আপাতত এফডিআরের মুনাফা প্রদান বন্ধ রাখা হয়েছে।তিনি আরও জানান, আগামী দুই বছরের মধ্যে সকল গ্রাহকের আমানত পরিশোধ করা হবে।

ভুক্তভোগী গ্রাহকরা এ ঘটনার সুষ্ঠু তদন্ত ও দ্রুত তাদের টাকা ফেরতের জন্য সংশ্লিষ্ট প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছেন।

ঝালকাঠি বেসরকারি এনজিও

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 03:32

URL: https://timestodaybd.com/khulna/7758072284